# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- দ্বিতীয়

## বিষয় :- ভূগোল

## একক – ভূমি,নদী ও পর্বতের কথা

## উপএকক -মরুদ্যান পর্যন্ত

1)ভূমি কাকে বলে?

উ: আমরা পৃথিবীর যে অংশের উপরে বসবাস করি অথবা জীবন অতিবাহিত করি, সেই স্থলভাগকেই বলে ভূমি।

2)ভূমি কয়প্রকার ও কী কী?

উ: (বই পৃ: ১৯) ।

3) পর্বত বলতে কী বোঝো?

উ: পাথরময় ভূমিরূপ যা আপনাআপনি উঁচু হয়ে উঠেছে ও যার উচ্চতা ১০০০ মিটারের বেশি, তাকে বলে পর্বত। যেমন- হিমালয়।| 4)সমতল অপেক্ষা উঁচু প্রস্তরময় ভূমিরূপকে কী বলে? এর উচ্চতা কত?

উ: পাহাড় বলে। এর উচ্চতা আনুমানিক ৬০০-১০০০ মিটারের মধ্যে।

5)মালভূমির অপর নাম কী? কেন এরূপ নাম দেওয়া হয়েছে?

উ: মালভূমির অপর নাম কী? কেন এরূপ নাম দেওয়া হয়েছে?

উত্তর:- মালভূমির অপর নাম টেবিল ল্যান্ড। সাধারণত সমুদ্র সমতল থেকে প্রায় ৩০০ মিটার থেকে ৬০০ মিটার উচ্চতা বিশিষ্ট ভূমিরূপ ,যার উপরিতল প্রায় সমতল বা সামান্য ঢেউ খেলানো হয় এবং চারপাশ খাড়া ঢালু হয়ে থাকে, দেখতে অনেকটা টেবিলের মতো হয় ,এরূপ ভূমিরূপকে মালভূমি বলে । টেবিলের মতো দেখতে বলে একে টেবিল ল্যান্ড ও বলা হয় ।ভারতের ছোটনাগপুর মালভূমির উদাহরণ । মালভূমি অঞ্চল সাধারণত খনিজ সম্পদে সমৃদ্ধ হয়।

6) সমভূমি কাকে বলে?

উ: ১০০-৩০০ মিটার উচ্চতাবিশিষ্ট যে স্থলভাগ সর্বত্র সমান, উঁচু নীচু নেই তাকে বলে সমভূমি। যেমন- গঙ্গা-ব্রহ্মপুত্র সমভূমি।

7)পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম কী?

উ: মাউন্ট এভারেষ্ট(৮৮৪৮ মিটার)।

8)ভারতে অবস্থিত একটি গিরিপথের নাম করো।

উ: খাইবার গিরিপথ।

9)দুটি পর্বতের মধ্যবর্তী নিম্ন সমতলভূমিকে কী বলা হয়?

উ: উপত্যকা।

10) পৃথিবী বিখ্যাত একটি জলপ্রপাতের নাম করো।

উ: নায়াগ্রা জলপ্রপাত।

11)| ভিসুভিয়াস কী প্রকারের পর্বতের উদাহরণ?

উ: আগ্নেয় পর্বত।

12)বালিময় প্রান্তর কী নামে পরিচিত?

উ: মরুভূমি।

13) আরব মরুভূমি এলাকায় উদ্ভিদ ঘেরা জলভাগকে কী বলা হয়?

উ: মরুদ্যান।

১৪।ওয়েসিস কী? এগুলো কোথায় দেখা যায় ?

উত্তর:-ওয়েসিস কথার অর্থ মরুদ্যান। মরুভূমির মধ্যে অবস্থিত উদ্ভিদ ঘেরা জলভাগকে মরূদ্যান বলে। সাধারণত মরুভূমিতে গাছপালা বিশেষ দেখা যায় না, কিন্তু মরুদ্যানে জলের উপস্থিতি থাকায় এখানে খেঁজুর জাতীয় কিছু গাছ জন্মায় ।আরব মরুভূমিতে এরূপ মরূদ্যান বা oasis দেখতে পাওয়া যায় ।

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**